বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯,
০২২২৩৩-৫৮৬৮১
ই-মেইল dgmpid@krishibank.org.bd

পত্র নং-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)/২০২২-২০২৩/ ১৮৬৫ (১২৫০)

তারিখঃ ৩০/০১/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ পরিবেশবান্ধব অর্থায়ন খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ের সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্টের সূত্র নংঃ এসএফডি (জিবিএমএস) ১০০৩/২/১/২০২৩-১৪(৬৬), তারিখঃ ০১/০১/২০২৩ এবং অত্র বিভাগের পত্র নং-১৭২৭(৩৬), তারিখঃ ১২/০১/২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের এসএফডি সার্কুলার নং-০১, তারিখঃ ১১/০১/২০২১ ও এসএফডি সার্কুলার লেটার নং-০৩, তারিখঃ ০৪/০৮/২০২১ এর নির্দেশনা অনুসরণপূর্বক অত্র ব্যাংকের বিতরণকৃত মোট মেয়াদী ঋণের (কর্মচারী ঋণ ব্যতিত) ৫% পরিবেশবান্ধব অর্থায়ন ও বিতরণকৃত মোট ঋণের (কর্মচারী ঋণ ব্যতিত) ২০% টেকসই অর্থায়ন খাতে ঋণ বিতরণের জন্য লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক নির্দেশিত লক্ষ্যমাত্রার বিপরীতে অনূন্য হার অর্জনের জন্য অত্র বিভাগ কর্তৃক মাঠ কার্যালয় সমূহকে নির্দেশনা প্রদান করা হয়। তবে, টেকসই অর্থায়ন খাতে অত্র ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের হার সন্তোষজনক হলেও পরিবশবান্ধব অর্থায়ন খাতে মাঠ পর্যায়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি।

০৩। এক্ষণে, পরিবেশবান্ধব অর্থায়ন খাতে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গৃহীত হয়েছেঃ

➢ পরিবেশবান্ধব অর্থায়ন খাতে লক্ষ্যমাত্রা অর্জনে বিকেবি'র সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ঃ-

(ক) মাঠ পর্যায়ে বিতরনকৃত মোট মেয়াদী ঋণের অনূন্য ৫% পরিবেশবান্ধব লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক মাসিক/ত্রৈমাসিক ভিত্তিতে আনুপাতিক লক্ষ্যমাত্রা অনুসারে ঋণ বিতরণ;
(খ) পরিবেশবান্ধব ৬৮টি পণ্য/উদ্যোগ/প্রকল্পে শাখা পর্যায়ে গ্রাহকদের উদ্বুদ্ধ করে ঋণ বিতরণের ব্যবস্থা গ্রহণ;
(গ) ঋণ বিতরণের সম্ভাবনাময় এলাকা চিহ্নিত করে ঋণ বিতরণের ব্যবস্থা গ্রহণ;
(ঘ) শাখা পর্যায়ে কমপক্ষে ১ জন উদ্যোক্তাকে আলোচ্য খাতে অর্থায়নের বিষয়ে পরামর্শ প্রদান করে ঋণ বিতরণ;
(ঙ) প্রত্যেক শাখা/কার্যালয়সমূহে Dedicated Sustainable Finance Help Desk এর কার্যক্রম অধিকতর সক্রিয় করে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিতকরণ;
(চ) শাখা/অঞ্চল/বিভাগওয়ারী এ খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করা;
(ছ) আঞ্চলিক ও বিভাগীয় কার্যালয় সমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়মিত ঋণ বিতরণ কার্যক্রম মনিটরিংসহ প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে রির্পোটিং নিশ্চিতকরণ;
(জ) সর্বোপরি পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্প সম্পর্কে ধারনা লাভ ও জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে এ খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করা।

০৪। এমতাবস্থায়, পরিবেশবান্ধব অর্থায়ন খাতে নির্দেশিত লক্ষ্যমাত্রা অর্জনে উপরোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time Bound Action Plan) বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

সংযুক্তিঃ বর্ণনামতে।

পত্র নং-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)/২০২২-২০২৩/ ১৮৬৫ (১২৫০)

তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। ***উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।***
০৬। নথি/মহানথি।

৩০/০১/২০২৩
(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯,
০২২২৩৩-৫৮৬৮১
ই-মেইল dgmpid@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ


পত্র নং-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)/২০২২-২০২৩/ ৭৭২৭(৫৩) তারিখঃ ১২/০১/২০২৩

মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ পরিবেশবান্ধব অর্থায়ন খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতা এবং সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, প্রধান কার্যালয়, ঢাকা এর সূত্র নং: এসএফডি(জিবিএমএস)১০০৩/২/১/২০২৩-১৪(৬৬), তারিখঃ ০১/০১/২০২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্টের এসএফডি সার্কুলার নং-০১, তারিখঃ ১১/০১/২০২১ ও এসএফডি সার্কুলার লেটার নং-০৩, তারিখঃ ০৪/০৮/২০২১ এর নির্দেশনা অনুসারে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিতরণকৃত মোট মেয়াদী ঋণের (কর্মচারী ঋণ ব্যতিত) ৫% পরিবেশবান্ধব অর্থায়ন ও বিতরণকৃত মোট ঋণের (কর্মচারী ঋণ ব্যতিত) ২০% টেকসই অর্থায়ন খাতে বিতরণ করার বাধ্যবাধকতা রয়েছে। সে মোতাবেক অত্র বিভাগ কর্তৃক বিগত ০৭/০২/২০২২ তারিখের পত্র নং: ১৪৭৪(১২৫০) মূলে মাঠ কার্যালয় সমূহকে পরিবশবান্ধব অর্থায়ন খাতে ঋণ প্রদানের নির্দেশনা দেয়া থাকলেও জানুয়ারি-সেপ্টেম্বর, ২০২২ সময়ে উক্ত হারে এ খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি, যা অনভিপ্রেত। এক্ষণে, পরিবশবান্ধব অর্থায়ন খাতে কোন ঋণ বিতরণ না করায় ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চরম অসন্তোষ প্রকাশ করেছেন।

০৩। এমতাবস্থায়, পরিবশবান্ধব অর্থায়ন তথা গ্রীন ব্যাংকিং খাতে লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থতার কারণ ব্যাখ্যাসহ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা (Time Bound Action Plan) আগামী ২২ জানুয়ারী ২০২৩ তারিখের মধ্যে অত্র বিভাগে প্ররণের জন্য মাঠ কার্যালয় সমূহকে পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনামতে।

(স্বাক্ষরিত) ১২/০১/২০২৩
(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

পত্র নং-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)/২০২২-২০২৩/ তারিখঃ ১২/০১/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। নথি/মহানথি।

(স্বাক্ষরিত) ১২/০১/২০২৩
(মোঃ এনামুল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯


বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট


সূত্র নং: এসএফডি(জিবিএমএস)১০০৩/২/১/২০২৩-১৪(৬৬)

তারিখ: ০১ জানুয়ারি ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
ঢাকা।

প্রিয় মহোদয়,

**পরিবেশবান্ধব অর্থায়ন খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা (Time Bound Action Plan) দাখিল প্রসঙ্গে।**

এসএফডি সার্কুলার নং-১, তারিখ: ১১ জানুয়ারি ২০২১ এবং এসএফডি সার্কুলার লেটার নং-৩, তারিখ: ০৪ আগস্ট ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের নির্দেশনা অনুযায়ী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিতরণকৃত মোট মেয়াদী ঋণের (কর্মচারী ঋণ ব্যতিত) ৫% পরিবেশবান্ধব অর্থায়ন ও বিতরণকৃত মোট ঋণের (কর্মচারী ঋণ ব্যতিত) ২০% টেকসই অর্থায়ন খাতে বিতরণ করার বাধ্যবাধকতা রয়েছে। কিন্তু, আপনাদের প্রতিষ্ঠান কর্তৃক জানুয়ারি-সেপ্টেম্বর, ২০২২ সময়ে উক্ত হারে পরিবেশবান্ধব অর্থায়ন খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি, যা অনভিপ্রেত।

০৩। এ অবস্থায়, পরিবেশবান্ধব অর্থায়ন খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন করতে না পারার কারণ ব্যাখ্যাসহ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সময়াবদ্ধ কর্ম পরিকল্পনা (Time Bound Action Plan) ৩১ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে এ বিভাগে দাখিলের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

আপনাদের বিশ্বস্ত,


(শাখাওয়াত হোসেন)
যুগ্মপরিচালক
ফোন: ০১৬৮২-০১৭৫৯৫
ই-মেইল: s.hossen@bb.org.bd